

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১. ৫২১

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
১৯ মে ২০২১ খ্রিস্টাব্দ

নির্বাহী প্রকৌশলী (ই/এম)

ই/এম বিভাগ-২

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।

ফোন-০১৮১৭-১১৬৪০৪।

বিষয়ঃ **লোড ছাড়পত্র প্রদান।**

- সূত্রঃ (১) আবেদন নথি নং-৩২৬ (উত্তরা পূর্ব), এসই(পিএন্ডডি)- ৩১৭(বি), তাং- ১৮/০৩/২০২০ ইং।
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৫৬৮, তাং-১২/০৭/২০২০ খ্রিঃ।
(৩) সিএএবি নথি নং-৩০.৩১.০০০০.৪১৩.০২.০০২.২১/১৪, তাং-০৪/০১/২০২১ খ্রিঃ।
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.২১১, তাং- ১৪/০২/২০২১ খ্রিঃ।
(৫) ০৯/০৫/২০২১ তারিখের পে-অর্ডার নং-১৩০৮০৯৩ (শাহজালাল আইবিএল), টাকা = ৩,২৫,০০০/-
(৬) ০৯/০৫/২০২১ তারিখের পে-অর্ডার নং-১৩০৮০৯৪ (শাহজালাল আইবিএল), টাকা = ২৮,০৫,৪৩০/-

QF-PRJ-06

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের অভ্যন্তরে নির্মিতব্য হ্যাঙ্গার নামক উপকেন্দ্রের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে জুন-২০২১ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলােঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নির্জ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (উত্তরা পূর্ব) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো কর্তৃক নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কারনে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১২। উত্তরা গ্রীড উপকেন্দ্র হতে CAAB ৩৩/১১ কেভি উপকেন্দ্র পর্যন্ত নতুন একটি ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর আপনার চাহিদাকৃত বৈদ্যুতিক লোড প্রদান করা সম্ভব হবে। এছাড়াও, CAAB উপকেন্দ্র হতে হ্যাঙ্গার উপকেন্দ্র পর্যন্ত আপনার নিজস্ব ব্যবস্থাপনায় লেইংকৃত ক্যাবলের পরবর্তী রক্ষণাবেক্ষণের দায়িত্ব আপনারকে নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে।
- ১৩। উক্ত ছাড়পত্র জুন-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



19.5.2021

(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ইস্ট জোন-২।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (উত্তরা পূর্ব)।
- ৪। অফিস কপি।